# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নং ২/কনি-২য় খন্ড-৩/১৮ তারিখ: ১৬/০২/২০২২

**<u>বিষয় ঃ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সূচি।</u>**

সূত্রঃ বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির স্মারক নং - বিবিধ/কলেজ/২০২০/৩১২ তারিখ : ২২/০২/২০২২

শিক্ষার্থী অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগনের আবেদনের প্রেক্ষিতে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় (সর্বশেষ) ৪র্থ ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইটঃ**(http:/www.xiclassadmission.gov.bd)**তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ১০(দশ) টি কলেজে আবেদন করতে পারবে।

**<u>২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবেঃ</u>**

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন আবেদন করেনি বা করে কলেজ সিলেকশন পাননি :

২। যে সকল শিক্ষার্থী চুড়ান্ত মনোনয়ন ফেছে কিন্তু কোন কারণে কলেজে ২৪/০২/২০২২ তারিখের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনিঃ

৩। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২০২১ সালের এসএসসি সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা :

**<u>২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময় সূচি অনুসরণ করতে হবেঃ</u>**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ে আবেদন গ্রহণ | ২৬/০২/২০২২ (শনিবার) থেকে<br>২৭/০২/২০২২ রবিবার ৮:০০টা পর্যন্ত) |
| ২ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ে আবেদনের যাচাই বাছাই | ২৮/০২/২০২২ সোমবার) |
| ৩ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ে আবেদন ফল প্রকাশ | ০১/০৩/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০টায়) |
| ৪ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ে শিক্ষার্থীর নিশ্চায়ন ও কলেজে ভর্তি | ০২/০৩/২০২২ (বুধবার) থেকে<br>০৩/০৩/২০২২ (বৃহস্পতিবার বিকাল ৫:০০ পর্যন্ত) |

বিঃদ্রঃ উল্লেখ্য, "২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিও নীতিমালা-২০২১" অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।

চেয়ারম্যানের আদেশক্রমে

২৩.২.২২

মোঃ হুমায়ুন কবীর
সচিব
ও
কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ ................................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
তিলকপুর মহাবিদ্যালয়
ডাক-তিলকপুর, উপজেলা-আক্কেলপুর, জেলা-জয়পুরহাট

বিষয় : মঞ্জুরী নবায়ন প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ-৩১/০১/২০২২

নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহে অত্র বোর্ড কর্তৃক আপনার মহাবিদ্যালয়ের স্বীকৃতি ০১/০৭/২০২২ তারিখ হতে ৩০/০৬/২০২৫ পর্যন্ত ০৩ (তিন) বৎসরের জন্য নবায়ন করা হ'ল।

| | | |
|---|---|---|
| আবশ্যিক বিষয় | : | (১) বাংলা (২) ইংরেজী (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |
| নৈর্বাচনিক বিষয় | | |
| (ক) মানবিক শাখা | : | পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস, যুক্তিবিদ্যা, সমাজ বিজ্ঞান, ভূগোল, মনোবিজ্ঞান, ইসলাম শিক্ষা। |
| (খ) ব্যবসায় শিক্ষা শাখা | : | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন। |
| (গ) বিজ্ঞান শাখা | : | পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত। |

উল্লেখ্য যে, অত্র বোর্ডের আর, এ-৬৫ এর বিধি অনুসারে শিক্ষা বৎসর আরম্ভের ৪ (চার) মাস পূর্বে নির্ধারিত ফরমে স্বীকৃতি নবায়নের দরখাস্ত অত্র বোর্ডে দাখিল করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

সচিব
ও
কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ০৬/মাশিবো/কলেজ/৪৫৫/২০/৬৬৩ তারিখ ২৩/২/২২

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

১. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
২. উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
৩. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আক্কেলপুর, জয়পুরহাট
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চঃ দাঃ), শিক্ষা বোর্ড রাজশাহী
৬. কলেজ নিবন্ধন শাখা, শিক্ষা বোর্ড রাজশাহী

সচিব
ও
কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ ................................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
বালাতৈড় সিদ্দিক হোসেন ডিগ্রী কলেজ
ডাক: বালাতৈড়, উপজেলা: নিয়ামতপুর, জেলা: নওগাঁ

বিষয় : জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশোধীত সংবিধি-২০১৯ মোতাবেক গঠিত গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ:১৭/০১/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে, জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভূক্ত ডিগ্রী কলেজ সমূহের কমিটি গঠন সংক্রান্ত সংশোধীত সংবিধি-২০১৯ এর ৪(২) (।।।) (গ) ধারা মোতাবেক আপনার কলেজের গঠিত গভর্ণিং বডিতে অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের পক্ষ হতে বিদ্যোৎসাহী সদস্য হিসেবে বিপেন্দ্রনাথ, পিতা-মৃত: লিটুয়া সরদার কে মনোনয়ন প্রদান করা হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

সচিব
ও
কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ ২০/২/২২

অনুলিপি অবগতি কার্যার্থে:

১. বিপেন্দ্রনাথ, বিদ্যোৎসাহী সদস্য
বালাতৈড় সিদ্দিক হোসেন ডিগ্রী কলেজ
ডাক: বালাতৈড় উপজেলা: নিয়ামতপুর, জেলা: নওগাঁ

২২.২.২২

সচিব
ও
কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

e:cs-J.A.B.B

২০/২/২২

২০/২/২২

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ ..............................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
রাণীনগর বিলগাজনা স্কুল এন্ড কলেজ
ডাক-বাঘুলপুর, উপজেলা-সুজানগর, জেলা-পাবনা

বিষয় : এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ-০৩/০১/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৬ জুন ২০০৯ তারিখের এস.আর.ও নম্বর-১৫৬/আইন/২০০৯ Intermediate and Secondary Education Ordinance 1961 (E.P.Ord. No.xxx111 of 1961) এর Section 39-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকারের পূর্বানুমোদনক্রমে, প্রণয়নকৃত প্রবিধানমালা ২০০৯ এর ৩৯ বিধি অনুসারে পূর্ণাঙ্গ গভর্ণিং বডি গঠনের লক্ষ্যে এই পত্র ইস্যুর তারিখ হতে ০৬ (ছয়) মাস মেয়াদে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত এডহক কমিটি অনুমোদন করা হ'ল।

| | | |
|---|---|---|
| ১। | এস.এম. ফজলুল হক | সভাপতি (বোর্ড কর্তৃক মনোনীত) |
| ২। | অধ্যক্ষ, রাণীনগর বিলগাজনা স্কুল এন্ড কলেজ | সদস্য সচিব (পদাধিকার বলে) |
| ৩। | কে.এম. আবু তালেব | অভিভাবক সদস্য/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) |
| ৪। | এস.এম নজরুল ইসলাম | শিক্ষক প্রতিনিধি(জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত) |

চেয়ারম্যানের আদেশক্রমে

সচিব
ও
কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ....০২/কলে/পাব/৩১৬৩/৩২৭.... তারিখ ....২৩/২/২২....

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। জেলা প্রশাসক, পাবনা
২। উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা
৩। জেলা শিক্ষা অফিসার, পাবনা
৪। এস.এ.ম ফজলুল হক, সভাপতি, এডহক কমিটি
রাণীনগর বিলগাজনা স্কুল এন্ড কলেজ
ডাক-বাঘুলপুর, উপজেলা-সুজানগর, জেলা-পাবনা

২৩.২.২২

সচিব
ও
কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

22/2/22

22/2/22

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ................................ তারিখ ঃ ..........................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

প্রাপক : অধ্যক্ষ
গোহাইল ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাকঘর গোহাইল, উপজেলা- শাজাহানপুর, জেলা- বগুড়া।

বিষয় : <u>৪র্থ বার এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান প্রসংগে।</u>

সূত্র : স্মারক নং- গো,ই,উ,বি ও ক-১০/২০২২ তারিখ : ২০/০২/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনা ও বিধি মোতাবেক গভর্ণিং বডি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হ'ল।

উল্লেখ্য এডহক কমিটি গঠনের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের ১৬/০৬/২০০৯ ইং / ০২/০৩/২০১৬ বাং তারিখের প্রজ্ঞাপনের ৩৯ নং ধারাটি অবশ্যই অনুসরণ করতে হবে।

সচিব
ও
কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

স্মারক নম্বর ০৬/আকা/রাঃ/৫২৫৮/২৮/১৬৬২ তারিখ ঃ ২৬/২/২২

<u>অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল ঃ</u>

১। জেলা প্রশাসক, বগুড়া
২। উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া
৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া

26.2.22

সচিব
ও
কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

26/2/22

27/2/22

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর- ০২/কলেজ/মাউঃ/২২০৫/৮১৫ তারিখ- ২৭/২/২০২২

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
প্যারামাউন্ট স্কুল এন্ড কলেজ(ইংরেজী মাধ্যম)
ডাক-পদ্মা আবাসিক, থানা-বোয়ালিয়া, জেলা-রাজশাহী

**বিষয় : কৈফিয়ত তলব প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বোয়ালিয়া থানাধীন প্যারামাউন্ট স্কুল এন্ড কলেজ(ইংরেজী মাধ্যম) প্রতিষ্ঠানটি ২০০৮ সনে উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি লাভ করে। উক্ত পাঠদানের অনুমতির মেয়াদ গত ৩০/০৬/২০১১ খ্রিঃ তারিখে শেষ হয়। তারপর থেকে অত্র বোর্ডের সঙ্গে প্রতিষ্ঠানটির দৃশ্যমান কোন সম্পর্ক নাই। এ ছাড়াও প্রতিষ্ঠানটিতে বোর্ড কর্তৃক অনুমোদিত কোন কমিটি নাই। এমতাবস্থায়, কেন প্রতিষ্ঠানটির পাঠদান স্থগিত সহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশ দেয়া হ'ল। অন্যথায়, আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

27-2-22
সচিব
ও
**কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী

জঃ-০০১